

নং-৪৪.০০.০০০০.০৩৯.১৩.০১৩.১২-৩৮

### পরিপত্র

বিষয়: বিনা ভিসায় আগতদের আগমনী ভিসা (visa on arrival) প্রদান প্রসঙ্গে।

- সূত্র: ১) নং-স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৬/২৮৮১, তারিখ: ১৯ অক্টোবর ২০০৬  
২) নং-স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৬/৫১৬, তারিখ: ০৪ এপ্রিল ২০০৭  
৩) নং-স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৬/ ১৪৩৪, তারিখ: ১৯ আগস্ট ২০০৭  
৪) নং-স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৮/ ১০৪৬ তারিখ: ৩০ নভেম্বর, ২০০৮  
৫) নং-স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৮/ ৮৬০ তারিখ: ০১ নভেম্বর, ২০০৯

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত পরিপত্রসমূহ পর্যালোচনাক্রমে সরকার বাংলাদেশে বিদেশী পুঁজি ও প্রযুক্তি আকৃষ্টকরণ, ব্যবসা-বাণিজ্যের প্রসার ও পর্যটন শিল্পের বিকাশের লক্ষ্যে বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশীসহ বিদেশী নাগরিকদের এদেশে আগমন ও অবস্থান সহজতর করার নিমিত্ত আগমনী ভিসা (visa on arrival) প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। বিভিন্ন দেশ হতে আগতদের আন্তর্জাতিক বিমান বন্দর ও স্থলবন্দর সমূহের ইমিগ্রেশন কর্তৃপক্ষ প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে নিম্নোক্ত শ্রেণীর পাসপোর্টধারীদের বর্ণিত শর্তে সম্পূর্ণ সন্তুষ্ট হয়ে বহুভ্রমণ সুবিধা ব্যতীত সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের আগমনী ভিসা প্রদান করতে পারবে:

- ক. যে সকল দেশে বাংলাদেশের কোন দূতাবাস নেই, শুধুমাত্র সে সকল দেশ হতে আগত নাগরিকদের ভ্রমণের উপযুক্ততা যাচাইঅন্তে আগমনী ভিসা প্রদান করা যেতে পারে।
- খ. বিদেশী বিনিয়োগকারী/ব্যবসায়ীদের ক্ষেত্রে আমন্ত্রণকারী প্রতিষ্ঠানের আমন্ত্রণপত্র এবং বিনিয়োগ বোর্ড/বেপকার প্রত্যয়ন পত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) ভিত্তিতে আগমনী ভিসা প্রদান করা যেতে পারে। তবে, আমন্ত্রণকারী প্রতিষ্ঠানকে বিদেশী ব্যক্তির আগমনের বিষয়টি বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এবং ইমিগ্রেশন কর্তৃপক্ষকে পূর্বেই অবহিত করতে হবে।
- গ. বাংলাদেশে কেবলমাত্র সরকারী কাজে, ব্যবসায়, বিনিয়োগ ও পর্যটনের উদ্দেশ্যে যুক্তরাষ্ট্র, কানাডা, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, রাশিয়ান ফেডারেশন, চীন, জাপান, সিঙ্গাপুর, মালয়েশিয়া, দক্ষিণ কোরিয়া, সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব, কাতার, কুয়েত, ওমান, বাহরাইন, মিশর, তুরস্ক, ব্রুনাই এবং ইউরোপের দেশসমূহ হতে উক্ত দেশসমূহের পাসপোর্টধারী আগতদের আন্তর্জাতিক বিমান বন্দর ও স্থলবন্দর সমূহের ইমিগ্রেশন কর্তৃপক্ষ প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে সম্পূর্ণ সন্তুষ্ট হয়ে আগমনী ভিসা প্রদান করতে পারবে।
- ঘ. কোন ব্যক্তি তার নিজ দেশ ব্যতীত অন্য কোন দেশ, যেখানে বাংলাদেশ দূতাবাস নেই, সে দেশ থেকে বাংলাদেশে আগমন করলে ভ্রমণের উপযুক্ততা যাচাই করে তাকে আগমনী ভিসা প্রদান করা যেতে পারে।
- ঙ. বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিক, তাদের স্বামী/স্ত্রী ও সন্তানদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বাংলাদেশী বংশোদ্ভূতের বাংলাদেশী নাগরিকত্ব সনদ/প্রমাণপত্রের ভিত্তিতে আগমনী ভিসা প্রদান করা যেতে পারে।
- চ. বাংলাদেশে অবস্থিত বিদেশী দূতাবাস, জাতিসংঘ ও তাদের অঙ্গ সংগঠনের কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ/আগমন সংক্রান্ত কাগজপত্রাদি পরীক্ষান্তে আগমনী ভিসা প্রদান করা যেতে পারে। UN পাসপোর্টধারীদের ক্ষেত্রে ভিসা ফি প্রযোজ্য হবে না।

০২। উপরোক্ত শ্রেণীতে আগমনী ভিসা নিয়ে আগত বিদেশীদের ভিসার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে বিনামূল্যে ভিসা নীতির আলোকে সংশ্লিষ্ট ভিসা শ্রেণীতে উল্লিখিত শর্তে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারবে।

০৩। Connecting Flight পাওয়ার জন্য সংশ্লিষ্ট যাত্রী বহনকারী এয়ারলাইনস এর অনুরোধে ইমিগ্রেশন কর্তৃপক্ষ Next available flight অথবা সর্বোচ্চ ৭২ (বাহাত্তর) ঘণ্টার জন্য Transit visa দিতে পারবে। এ জন্য সার্ভিস চার্জ হিসেবে মাথাপিছু ২০ (বিশ) মার্কিন ডলার বা সমপরিমাণ অর্থ বৈদেশিক মুদ্রায় নির্ধারিত ব্যাংকে ও নির্ধারিত হিসাবে জমা দিতে হবে।

০৪। আগমনী ভিসা প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে:

- (ক) বৈদেশিক মুদ্রায় (ডলার/পাউন্ড/ইউরো) ভিসা ফি প্রদান করতে হবে;
- (খ) সরকারী কাজ ব্যতীত অন্যান্য ক্ষেত্রে আগত বিদেশীর নিকট ন্যূনতম ৫০০(পাঁচশত) মার্কিন ডলার/সমপরিমাণ বৈদেশিক মুদ্রা নগদ /ক্রেডিটকার্ডে থাকতে হবে;

(অপর পাতায় হইবে)

*[Signature]*

